আল্লামা শাহ আহমদ শফি (র.) এর মৃত্যুতে ড. এনামুল হক চৌধুরীর শোক

ডেস্ক রিপোর্ট: বিশ্ববরণ্যে আলেমে দ্বীন, প্রখ্যাত বুযুর্গ, দারুল উলুম মুঈনুল ইসলাম হাটহাজারী মাদরাসার সদরে মুহতামিম ও হেফাজতে ইসলাম বাংলাদেশের আমীর আল্লামা শাহ আহমদ শফি (র.) এর ইন্তেকালে শোক প্রকাশ করেছেন বিএনপি চেয়ারপার্সন বেগম খালেদা জিয়ার উপদেষ্ঠা ড. মুহাম্মদ এনামুল হক চৌধুরী। শোক সন্তপ্ত পরিবারের প্রতি গভীর সমবেদনা জানান তিনি।

এক শোক বার্তায় ড. মোহাম্মদ এনামুল হক চৌধুরী বলেন, লাখো লাখো আলেমদের উস্তাদ, বিশ্ববরণ্যে প্রবীণ আলেমে দ্বীন আল্লামা শাহ আহমদ শফি আমৃত্যু দ্বীন ইসলাম ও দেশ-জাতির সুমহান খেদমতে নিজেকে নিয়োজিত রেখেছেন। নাস্তিক-ব্লগার কর্তৃক শাহবাগে যখন আল্লাহ ও আল্লাহর রাসুল (সাঃ) কে নিয়ে কটুক্তি করা হয়েছিল সেই কঠিন মুহুর্তে বৃদ্ধ বয়সেও তিনি রাজপথে নেমেছিলেন। তার নেতৃত্বে দেশে ইসলামী জাগরণ শুরু হয়েছিল। তিনি ইসলামী শিক্ষার প্রসারে অসংখ্য উদ্যোগ নিয়েছিলেন। তিনি ছিলেন একমাত্র অভিভাবকতুল্য আলেমে দ্বীন যার নেতৃত্বে বিভিন্ন দল-মতে বিভক্ত আলেম-উলামার ঐক্যবদ্ধ থাকতেন। জাতির এই দুঃসময়ে ইসলামী জাগরণের পথিকৃৎ আল্লামা শাহ আহমদ শফি’র বিদায়ে আমরা অভিভাবকশুন্য হলাম। যা সহজে পূরণ হবার নয়। তিনি আজীবন দ্বীন ইসলামের সুমহান খেদমতে কুরআন ও সুন্নাহের প্রসারে অগ্রনী ভুমিকা পালন করেছেন। প্রবীণ এই আলেম অভিভাবকের মৃত্যুতে আমি গভীরভাবে শোকহাত। মরহুমের মাগফেরাত কামনা করছি। আল্লাহ তাঁকে জান্নাতের মেহমান হিসেবে কবুল করুন ও পরিবারবর্গকে এই শোক সইবার শক্তি দিন। আমীন।

প্রেস বিজ্ঞপ্তি